

## ভর্তি

# চুয়েট, কুয়েট ও রুয়েটে ভর্তি : ফি না দিলে ১৭ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি বাতিল

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রকৌশল গুচ্ছভুক্ত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) বিভিন্ন বিভাগে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রার্থীদের বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ওয়েবসাইটে [বিজ্ঞপ্তি](#)তে বলা হয়েছে, চুয়েট, কুয়েট ও রুয়েটের বিভিন্ন বিভাগে স্নাতক প্রথম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ

By using this site, you agree to our Privacy Policy. OK

পরিকল্পনা বিভাগের ৫৭৭৩ থেকে ৫৭৮৬ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৪ মেধাতালিকার শিক্ষার্থীদের বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের তালিকা এর ওয়েবসাইটে (<https://admissionkruet.ac.bd>) দেওয়া হয়েছে।

## প্রার্থীদের জন্য লক্ষণীয়

ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭৭৩ থেকে ৫৭৮৬ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীদের ১৭ সেপ্টেম্বর (রোববার) বিকেল চারটার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে ভর্তি ফি জমা দিতে বলা হচ্ছে। এ তারিখের মধ্যে ফি জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। নোটিশপ্রাপ্তির পর থেকেই অটোমাইগ্রেশন প্রক্রিয়া চালু হবে। প্রার্থীরা যদি তাঁদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই পড়তে ইচ্ছুক হন, তবে তাঁদের অটোমাইগ্রেশন প্রক্রিয়া বন্ধ করতে হবে আগামী ১৭ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে। তা না হলে তাঁদের মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ অটোমাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে পরিবর্তিত হবে।

প্রার্থীদের মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করে ১৮ সেপ্টেম্বর সকাল ১০টার মধ্যে ওয়েবসাইটে দেওয়া হবে। ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭৮৭ থেকে ৫৮৯৬ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৬ থেকে ৩৮০ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীরা প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ না পাওয়ায় ভর্তির ফি জমা দেবে না। পরবর্তীকালে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য তাঁদের পর্যায়ক্রমে ডাকা হবে। ভর্তি ফি জমাদানের পর সব সনদপত্র ১৭ সেপ্টেম্বরের মধ্যে জমাদানে ব্যর্থ হলে তাঁর ভর্তি বাতিল করা হবে।

ভর্তির পরবর্তী তারিখ ২৪ সেপ্টেম্বর (রোববার)। আর ওরিয়েন্টেশন সভার সম্ভাব্য তারিখ ২৭ সেপ্টেম্বর। এরপর প্রথম কার্যদিবসে ক্লাস শুরু হবে। অনিবার্য কারণে ভর্তির তারিখগুলো পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটের <https://admissionkruet.ac.bd> মাধ্যমে প্রকাশ করা হবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো